

যায়যায়দিন

তারিখ .. 12 JAN 2008 ..

পৃষ্ঠা: ৩৫ কলাম: ৩

23 Report

সংঘাত আশঙ্কার মধ্যেই জাবির প্রতিষ্ঠাবার্ষিকী আজ

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটিতে গত বৃহ ও বৃহস্পতিবার ছাত্রদল-ছাত্রলীগের সংঘর্ষের পর গতকাল ক্যাম্পাস অনেকটা শান্ত থাকলেও চাপা উত্তেজনা বিরাজ করছে। উভয় দল প্রস্তুতি নিয়ে হলে অবস্থান করায় আবার সংঘাতের আশঙ্কা রয়ে গেছে। ঘটনা তদন্তে তিন সদস্যের তদন্ত কমিটি করেছে প্রশাসন। এ অবস্থার মধ্যেই আজ ইউনিভার্সিটি ডে পালন করেছে কর্তৃপক্ষ। ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগের দুই দিনের রক্তক্ষয়ী সংঘর্ষে ছাত্রলীগ সভাপতি সোহেল পারভেজ, সাধারণ সম্পাদক জাবি ও ছাত্রদল সহদফতর সম্পাদক শিংকন এবং মীর মশাররফ হোসেন হলের প্রভোস্ট ড. সোহেল রানাসহ ৩০ জন আহত হন। গতকাল শুক্রবার দুটির দিন থাকায় পরিস্থিতি অনেকটাই শান্ত ছিল। সকালে কামালউদ্দিন হলে ছাত্রলীগ দুই সাধারণ ছাত্রকে মারধর করে। এতে ওই হলের শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। এছাড়া দুপুরে

কামালউদ্দিন হল ও ভাসানী হলের মধ্যে এক দফা ইটপাটকোল ছোড়াছুড়ির ঘটনা ঘটে। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। সংঘর্ষের রাত থেকেই ছাত্রদল তাদের দফলকৃত মীর মশাররফ হোসেন, ভাসানী ও বঙ্গবন্ধু হলে এবং ছাত্রলীগ কামালউদ্দিন, সাদাম বরকত ও আল বেরুগী হলে পাহারা বসিয়ে সতর্ক অবস্থায় রয়েছে। এদিকে গতকাল সাজুর ও আন্তলিয়া খানায় ছাত্রলীগ ২৫ ছাত্রদল নেতাকর্মী এবং ছাত্রদল ২০ ছাত্রলীগ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে। ঘটনা তদন্তে প্রশাসন প্রফেসর নুজল হককে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি করেছে। এদিকে আজ ইউনিভার্সিটি ডে পালন করার সিদ্ধান্ত বহাল রেখেছে প্রশাসন। তবে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা ও কর্মসূচি সংক্ষিপ্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গত বৃহস্পতিবার এক জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। উল্লেখ্য, ১৯৭১ সালের ১২ জানুয়ারি জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির একাডেমিক কার্যক্রম শুরু হয়।